



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd



১১ শ্রাবণ ১৪২৮

তারিখঃ

২৬ জুলাই ২০২১

ডিএফআইএম সার্কুলার নং-০৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণ প্রসঙ্গে।

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা দাপ্তরিক কোন কাজে কিংবা ব্যক্তিগত ছুটিতে দীর্ঘদিনের জন্য বাংলাদেশের বাইরে অবস্থান করলে প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ডে সার্বিক গতিশীলতাহ্রাসের পাশাপাশি ব্যবস্থাপনা ও পরিচালনাগত ঝুঁকিসহ আর্থিক ক্ষতির সম্ভাবনা সৃষ্টি হতে পারে, যা কোনভাবেই কাঙ্ক্ষিত নয়। এ প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাকে দীর্ঘ সময়ের জন্য বাংলাদেশের বাইরে অবস্থান যতদূর সম্ভব পরিহার করার পরামর্শ দেয়া যাচ্ছে। এক্ষেত্রে দেশে কার্যরত কোন আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণ আবশ্যিকীয় হলে দেশের বাইরে গমনের পূর্বে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে। এরূপ অনুমোদন গ্রহণের নিমিত্তে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত আবেদনপত্রের সাথে ভ্রমণের ১৫ (পনের) কর্মদিবস পূর্বে পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ 'পরিশিষ্ট-ক' এ উল্লেখিত তথ্যাবলী বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।

২। প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণের আবেদন বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত হলে, প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতকালীন তাঁর স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন, সেল ফোন নম্বর ও ই-মেইল এড্রেস প্রধান নির্বাহীর কর্মস্থল ত্যাগের পূর্বে বাংলাদেশ ব্যাংকের গভর্নর সচিবালয় এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগকে অবহিত করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক বহিঃ বাংলাদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাবলী।

- ০১। আর্থিক প্রতিষ্ঠানের নাম :
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার নাম :
- ০৩। জাতীয় পরিচয়পত্র নং :
- ০৪। পাসপোর্ট নং :
- ০৫। ভ্রমণের উদ্দেশ্য :
- ০৬। ভ্রমণের আনুমানিক ব্যয় (টাকা) :
- ০৭। ভ্রমণের প্রস্তুত সময় (যাতায়াত সময়সহ) :
- ০৮। দেশের বাইরে অবস্থানকালীন ঠিকানা :
(একাধিক দেশ হলে প্রত্যেক দেশের নাম, সম্ভাব্য অবস্থানের মেয়াদ)
- ০৯। সর্বশেষ কখন, কতদিনের জন্য এবং কী উদ্দেশ্যে বিদেশ :
ভ্রমণ করা হয়েছে

প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ